

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২৮১

আগরতলা, ২৫ মার্চ, ২০২৪

রাজভবনে হোলি উৎসব



সারা দেশ ও সমগ্র রাজ্যের সঙ্গে আজ রাজভবনেও রঙের উৎসব হোলি উচ্ছ্বাস ও উদ্দীপনার মধ্য দিয়ে পালন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু বিশেষভাবে সক্ষম শিশু, ইসকনের সাধুগণ, সমাজসেবী, রাজভবনের আধিকারিক ও কর্মীগণের সঙ্গে হোলি উৎসবে সামিল হন। হোলি উৎসব উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তর রাজভবনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে শিল্পীগণ দোল এবং হোলির গান পরিবেশন করেন। বিভিন্ন সংগঠনের প্রতিনিধিগণ রাজভবনে এসে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নুকে হোলির শুভেচ্ছা জানান এবং এই উৎসবে সামিল হন। অনুষ্ঠানে রাজ্যপালের সচিব ইউ কে চাকমা, উপসচিব রতন ভৌমিক উপস্থিত ছিলেন। বিভিন্ন সংগঠন, আধিকারিক ও কর্মীদের সঙ্গে মতবিনিময়ের সময় রাজ্যপাল তাদের হোলির শুভেচ্ছা জানান। সংবাদমাধ্যমের প্রতিনিধিদের সঙ্গে কথা বলার সময় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু রাজ্যবাসীকে হোলি উৎসবের আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*